অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/4/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল ঘোষণা করলেন যে জুলাইয়ের বন্যায় প্রভাবিত ক্লিন্টন কাউন্টির বাসিন্দা ও ব্যবসাসমূহকে ক্ষুদ্র ব্যবসা প্রশাসন ফেডারেল সহায়তা প্রদান করবে

মার্কিন যুক্তরাষ্ট্রের ক্ষুদ্র ব্যবসা প্রশাসন ক্লিন্টন কাউন্টির ভারী বৃষ্টিপাত ও বন্যা দ্বারা প্রভাবিত যোগ্য বাসিন্দা ও ব্যবসাসমূহকে স্বল্প সুদের ঋণ প্রদান করবে

নিউ ইয়র্কের জন্য এটি গ্রামীণ সম্প্রদায়ের জন্য দুর্যোগ সহায়তা কর্মসূচির মাধ্যমে টি তহবিল পাওয়ার প্রথম ঘটনা

সশরীরে উপস্থিত হওয়ার দুর্যোগ ঋণ আউটরিচ কেন্দ্র 6 ডিসেম্বর, বুধবার, এলেনবার্গ টাউন হলে খুলবে

এছাড়াও ঋণ আবেদনপত্র অনলাইনে এখানে উপলভ্য আছে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে 2023 সালের জুলাই মাসে ভারী বৃষ্টিপাত ও বন্যা দ্বারা প্রভাবিত নিউ ইয়র্কবাসীকে মার্কিন যুক্তরাষ্ট্রের ক্ষুদ্র ব্যবসা প্রশাসন (Small Business Administration, SBA) ফেডারেল সহায়তা প্রদান করবে। ক্লিন্টন কাউন্টির বাসিন্দা ও ব্যবসাসমূহ এখন এর থেকে তাদের পুনরুদ্ধারে সহায়তা করার জন্য স্বল্প সুদের ঋণের জন্য আবেদন করতে পারবে কারণে একটি নতুন SBA কর্মসূচি এখন গ্রামীণ এলাকায় দুর্যোগ দ্বারা ক্ষতিগ্রস্তদের বাড়তি আর্থিক সহায়তা প্রদান করছে। প্রথমবারের মতো নিউ ইয়র্ক ফেডারেল গ্রামীণ সম্প্রদায়ের জন্য দুর্যোগ সহায়তার (Disaster Assistance for Rural Communities) কর্মসূচির অধীনে এই ঘোষণা পেয়েছে, যা গত জুন মাসে আইন হিসেবে স্বাক্ষরিত হয়েছে।

"ক্লিন্টন কাউন্টি জুলাইয়ের শুরুতে ঐতিহাসিক মাত্রার বৃষ্টিপাত ও বন্যার সম্মুখীন হয়, যা ক্ষুদ্র ব্যবসা ও বাসিন্দাদের চরমভাবে প্রভাবিত করে", **গভর্নর হোকল বলেন।**"স্বল্প সুদের এই ঋণ এইসব বন্যা প্রভাবিত ব্যক্তিদের পুনরুদ্ধার পেতে এবং পুনরায় নিজের পায়ে দাঁড়াতে সাহায্য করবে। রুক্ষ আবহাওয়ার সম্মুখীন হয়ে সংগ্রাম করা নিউ ইয়র্কবাসীরা যাতে যত বেশি সম্ভব ফেডারেল সহায়তা পেতে পারে তা নিশ্চিত করার জন্য আমার প্রশাসন প্রতিশ্রুতিবদ্ধ।"

SBA ফেডারেল গ্রামীণ সম্প্রদায়ের জন্য দুর্যোগ সহায়তা আইন কর্তৃক গ্রামীণ কাউন্টিসমূহে একটি SBA দুর্যোগ ঘোষণার অনুরোধ করার প্রক্রিয়া গভর্নরের জন্য সরল করার অনুমোদন লাভ করে। নতুন কর্মসূচির অধীনে, যখন কাউন্টি সরকারি সহায়তার জন্য একটি মুখ্য দুর্যোগ

ঘোষণা (Major Disaster Declaration) পায় কিন্তু ব্যক্তিগত সহায়তা না পায়, তখন গ্রামীণ এলাকায় মাত্র একটি ক্ষতিগ্রস্ত সম্পত্তির জন্য SBA ঘোষণা প্রদান করা যাবে। মার্কিন যুক্তরাষ্ট্রের ক্ষুদ্র ব্যবসা প্রশাসন নির্ণয় করেছে যে ক্লিন্টন কাউন্টি নতুন কর্মসূচির জন্য যোগ্য এবং ব্যবসা ও ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের জন্য স্বল্প সুদের ঋণ উপলভ্য করা হবে।

নিউ ইয়র্ক স্টেট স্বদেশ নিরাপত্তা ও জরুরি সেবা কমিশনার জ্যাকি ব্রে বলেন, "জুলাই মাসে, স্টেটের অনেকাংশকে প্রভাবিত করা ভারী বৃষ্টিপাত ও বন্যায় পুরো ক্লিন্টন কাউন্টির বাড়ির মালিক ও ব্যবসাসমূহ ক্ষতিগ্রস্ত হয়। গভর্নর হোকলের নেতৃত্ব, এবং SBA এর নতুন গ্রামীণ সম্প্রদায়ের জন্য দুর্যোগ সহায়তা কর্মসূচির কারণে, ক্লিন্টন কাউন্টির নিউ ইয়র্কবাসীরা এখন তাদের পুনরুদ্ধারের জন্য প্রয়োজনীয় সমর্থন হিসেবে স্বল্প সুদের ঋণ পাবে।"

09-10 জুলাই পর্যন্ত, নর্থ কান্ট্রিতে অল্প সময়ে একাধিক ইঞ্চি বৃষ্টিপাত হয়, যার ফলে বিধ্বংসী বন্যার সৃষ্টি হয়, রাস্তাঘাট বন্ধ হয়ে যায় এবং অবকাঠামোর ক্ষতি হয়। ঝড়ের পূর্বে,গভর্নর হোকল স্টেট এজেন্সিগুলিকে জরুরি সাড়াদান সম্পদ প্রস্তুত রাখতে এবং স্থানীয় সরকারের সাথে যোগাযোগ বজায় রাখতে নির্দেশনা প্রদান করে। ঝড়টি স্টেটের উপর দিয়ে প্রবাহিত হওয়ার সময় গভর্নর ক্ষতিগ্রস্ত এলাকায় দুর্যোগ সংস্থান মোতায়েন করেন, যার মধ্যে স্টেটের হাইওয়ে ও ব্রিজ খুলে দিতে কাজ করা পরিবহন বিভাগের (Department of Transportation) কর্মীবৃন্দ আছে। ঝড়ের পরবর্তীতে, নিউ ইয়র্ক স্টেট স্বদেশ নিরাপত্তা ও জরুরি সেবা বিভাগ (Division of Homeland Security and Emergency Services) এবং ক্লিন্টন কাউন্টি ঝড়ের ক্ষয়ক্ষতির একটি পুঙ্খানুপুঙ্খ মূল্যায়ন করে। 22 জুলাই গভর্নর হোকল ক্লিন্টন, ডাচেস, এসেক্স, হ্যামিল্টন, অন্টারিও, অরেঞ্জ, পুটন্যাম, এবং রকল্যান্ড কাউন্টির জন্য একটি মুখ্য দুর্যোগ ঘোষণার অনুমোদন ঘোষণা করেন, যা স্থানীয় সরকার, উপজাতি এবং যোগ্য অলাভজনক সংগঠনকে রাবিশ অপসারণ, সুরক্ষা ব্যবস্থা, এবং ভবন ও অবকাঠামো মেরামত করার জন্য তহবিল প্রদান করতে ফেডারেল আর্থিক সহায়তা নিশ্চিত করে।

ক্লিন্টন কাউন্টির নিম্নলিখিত গোষ্ঠীসমূহ SBA দুর্যোগ ঋণের জন্য যোগ্য হতে পারে:

- বাড়ির মালিক: তাদের মূল বসবাসের স্থান মেরামত করার জন্য 200,000 মার্কিন ডলার পর্যন্ত।
- বাড়ির মালিক এবং ভাড়াটিয়া: ক্ষতিগ্রস্ত বা বিধ্বস্ত সম্পদ মেরামত বা প্রতিস্থাপন করার জন্য 40,000 মার্কিন ডলার পর্যন্ত।
- ব্যবসার মালিক:ভূমিসম্পদ, ইনভেন্টরি, মেশিনারি, সরঞ্জাম, এবং অন্যান্য ভৌত ক্ষতি প্রতিস্থাপনের জন্য 2,000,000 মার্কিন ডলার পর্যন্ত।
- ব্যবসা প্রতিষ্ঠান ও অলাভজনক সংস্থা: একটি দুর্যোগের পর স্বাভাবিক কর্মকাণ্ড পুনরায় শুরু হওয়ার পূর্ব পর্যন্ত প্রয়োজনীয় কার্যকরী মূলধন প্রদান করার জন্য 2,000,000 মার্কিন ডলার পর্যন্ত অর্থনৈতিক আঘাত দুর্যোগ ঋণ (Economic Injury Disaster Loans)।

SBA একটি দুর্যোগ ঋণ আউটরিচ কেন্দ্র (Disaster Loan Outreach Center, DLOC) প্রতিষ্ঠা করছে যা নিউ ইয়র্কবাসীকে সশরীরে উপস্থিত হয়ে সহায়তার আবেদন করতে সাহায্য করবে, এখানে;

- **এলেনবার্গ টাউনের টাউন হল,** 13 Brandy Brook Road, Ellenburg Center, NY 12934।

6 ডিসেম্বর, বুধবার, সকাল 11:00টায় DLOC খুলবে। কেন্দ্রটি খোলা থাকবে সোমবার-শুক্রবার, সকাল 9:00টা থেকে বিকাল 6:00টা পর্যন্ত; শনিবার সকাল 10:00টা থেকে দুপুর 2:00টা পর্যন্ত, এবং রবিবার বন্ধ থাকবে। আবেদনকারীদেরকে আবেদন সম্পূর্ণ করতে সহায়তা করার পাশাপাশি SBA-এর দুর্যোগকালীন ঋণ প্রদান কর্মসূচি সম্পর্কিত প্রশ্নের উত্তর দিয়ে সাহায্য করার জন্য গ্রাহক সহায়তা প্রতিনিধিদেরকে পাওয়া যাবে। 22 ডিসেম্বর, শুক্রবার কেন্দ্রটি বন্ধ করে দেওয়ার কথা রয়েছে।

অনলাইনে দুর্যোগ ঋণের জন্য আবেদন করা যেতে পারে MySBA ঋণ পোর্টাল ব্যবহার করে এখানে https://lending.sba.gov। এছাড়াও আবেদনকারীরা 1-800-659-2955 নম্বরে SBA গ্রাহক সেবা কেন্দ্রে (Customer Service Center) ফোন করতে বা disastercustomerservice@sba.gov এ ইমেইল করতে পারবে।

টেলিযোগাযোগ রিলে সেবা পাওয়ার জন্য বধির, শ্রবণে সমস্যা থাকা, বা বাক অক্ষমতাসহ ব্যক্তিরা 7-1-1 এ ডায়াল করতে পারবে।

U.S. Small Business Administration, Processing and Disbursement Center, 14925 Kingsport Road, Fort Worth, TX 76155 ঠিকানায় পূরণকৃত আবেদনপত্র প্রেরণ করতে হবে।

ভৌত সম্পত্তি ক্ষয়ের জন্য আবেদন ফেরত দেওয়ার ক্ষেত্রে জমা দেওয়ার শেষ তারিখ 30 জানুয়ারি, 2024। অর্থনৈতিক আঘাত আবেদন ফেরত দেওয়ার আবেদনের শেষ তারিখ 3 সেপ্টেম্বর, 2024।

ক্লিন্টন কাউন্টি আইনসভার (Clinton County Legislature) সভাপতি মার্ক আর. হেনরি বলেন, "ক্লিন্টন কাউন্টির বাসিন্দা ও ব্যবসা উভয়ের জন্য যেই এই ক্ষুদ্র ব্যবসা প্রশাসনের দুর্যোগ ঋণ উপলভ্য করা হচ্ছে তার জন্য আমরা কৃতজ্ঞ। জুলাইয়ের বন্যার ঘটনা অনেকের জন্য বিধ্বংসী ছিলো এবং ফেডারেল জরুরি ব্যবস্থাপনা এজেন্সির (Federal Emergency Management Agency, FEMA) সহায়তা পায়নি বা ক্ষতি পূরণ করার জন্য পর্যাপ্ত বীমার আওতা নেই এমন ব্যক্তিদের সহায়তা করার জন্য এই ঋণ অনেক কাজে লাগবে। ফেডারেল সহায়তা নিশ্চিত করতে গভর্নরের প্রয়াসের জন্য তার প্রতি এবং এই কর্মসূচি পরিচালনা করার জন্য আমাদের ফেডারেল অংশীদারদের প্রতি ক্লিন্টন কাউন্টি অতি কৃতজ্ঞ। ক্ষতিগ্রস্ত সকলকে এই সুযোগের সদ্ব্যবহার করার জন্য আমি তাগিদ প্রদান করছি।"

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন